**ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ**
**প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল-১৪)**
**৮, রাজউক এভিনিউ, ঢাকা-১০০০।**
**হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট**

তারিখ: ১৮ আষাঢ় ১৪৩৩
০২ জুলাই ২০২৬

# প্রশাসনিক পরিপত্র নং- ২৭/২০২৬

কর্পোরেশনের তহবিল উন্নয়ন ও ব্যবসা সম্প্রসারণের লক্ষ্যে সকল কর্মচারীকে ২০২৬-২০২৭ অর্থবছরে মেয়াদি আমানত সংগ্রহের নিম্নরূপ ব্যক্তিগত লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো:

| ক্রমিক নং | গ্রেড | বার্ষিক লক্ষ্যমাত্রা |
|---|---|---|
| (ক) | গ্রেড-২ (মহাব্যবস্থাপক ও প্রধান নির্বাহী কর্মকর্তা) | ৫.০০ কোটি টাকা |
| (খ) | গ্রেড-৩ | ৩.০০ কোটি টাকা |
| (গ) | গ্রেড-৪ | ২.০০ কোটি টাকা |
| (ঘ) | গ্রেড-৫ | ১.০০ কোটি টাকা |
| (ঙ) | গ্রেড-৬ | ০.৭৫ কোটি টাকা |
| (চ) | গ্রেড-৯ | ০.৫০ কোটি টাকা |
| (ছ) | গ্রেড-১০ | ০.৪০ কোটি টাকা |
| (জ) | গ্রেড-১১ হতে গ্রেড-১৪ | ০.৩০ কোটি টাকা |
| (ঝ) | গ্রেড-১৬ হতে গ্রেড-২০ | ০.২০ কোটি টাকা |

০২। কর্পোরেশনের অধীনস্থ সাবসিডিয়ারি কোম্পানিসমূহের পণ্য/সেবা বিপণনের লক্ষ্যে কোম্পানিসমূহ কর্তৃক পরিচালিত বিভিন্ন স্কিমের অধীন ২০২৬-২০২৭ অর্থবছরে গ্রাহক সংগ্রহের নিম্নরূপ ব্যক্তিগত লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত কর্পোরেশনের সকল কর্মচারীকে নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো:

| ক্রমিকনং | কর্মচারীর গ্রেড | কোম্পানি | পণ্য/সেবা | বার্ষিক লক্ষ্যমাত্রা |
|---|---|---|---|---|
| (ক) | গ্রেড-২ হতে গ্রেড-৪ | ICML | Investor's Account/Term Investment Plan (TIP) | ০২টি |
| | | IAMPLC | Systematic Investment Plan (SIP)/Unit Fund | ০২টি |
| | | ISTCL | BO Account | ১২টি |
| (খ) | গ্রেড-৫ হতে গ্রেড-১০ | ICML | Investor's Account/Term Investment Plan (TIP) | যে কোনো ০৩টি |
| | | IAMPLC | Systematic Investment Plan (SIP)/Unit Fund | |
| | | ISTCL | BO Account | ১০টি |
| (গ) | গ্রেড-১১ হতে গ্রেড-২০ | ICML | Investor's Account/Term Investment Plan (TIP) | যে কোনো ০২টি |
| | | IAMPLC | Systematic Investment Plan (SIP)/Unit Fund | |
| | | ISTCL | BO Account | ০৬টি |

০৩। অনুচ্ছেদ নং-০১ এ বর্ণিত লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনকারীগণের মধ্য হতে অর্জনের শতকরা হার এর ভিত্তিতে প্রথম ১০ (দশ) জন কর্মচারী ব্যবস্থাপনা পরিচালক মহোদয় এর প্রশংসাপত্র প্রাপ্য হবেন।

০৪। অনুচ্ছেদ নং-০২ এ বর্ণিত সাবসিডিয়ারি কোম্পানির পণ্যসমূহ বিক্রয়ের ক্ষেত্রে লক্ষ্যমাত্রার বিপরীতে কর্পোরেশনের সংশ্লিষ্ট কর্মচারীগণ নিম্নোক্তভাবে উক্ত কোম্পানি হতে প্রণোদনা প্রাপ্য হবেন:

(ক) Systematic Investment Plan (SIP)/Unit Fund বিক্রয়ের ক্ষেত্রে IAMPLC কর্তৃক বিশেষ পুরস্কার প্রদান করা হবে; এবং

(খ) Term Investment Plan (TIP), Investor's Account এবং BO Account এর ক্ষেত্রে স্ব স্ব কোম্পানি কর্তৃক বিশেষ পুরস্কার প্রদান করা হবে।

০৫। কর্পোরেশনের কর্মচারীগণের পরবর্তী উচ্চতর পদে পদোন্নতি ও পদোন্নতি নিশ্চিতকরণের ক্ষেত্রে অনুচ্ছেদ নং-০১ ও ০২ এ বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়টি বিশেষভাবে বিবেচনা করা হবে।

০৬। আলোচ্য নির্দেশনা ০১ জুলাই ২০২৬ তারিখ হতে কার্যকর বলে গণ্য হবে।

০৭। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারি করা হলো।

**(বিভাস সাহা)**
মহাব্যবস্থাপক

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সহকারী মহাব্যবস্থাপক/সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিবি।
২. উপ-মহাব্যবস্থাপক/সিস্টেম ম্যানেজার, আইসিবি।
৩. মহাব্যবস্থাপক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. উপ-ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৫. ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৬. চেয়ারম্যান-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিবি সাবসিডিয়ারি কোম্পানিসমূহ।
৮. আইসিবি কর্মকর্তা সমিতি, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৯. আইসিবি কর্মচারী ইউনিয়ন, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
১০. অফিস কপি।

**অনুলিপি (কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):**

সিনিয়র সিস্টেম এনালিস্ট, প্রোগ্রামিং ডিপার্টমেন্ট, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।